# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৬৮]

পর্ব-১২: তাত্‌বীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১০০: প্রথম তাশাহ্হুদ কিভাবে করবে?

كَيْفَ التَّشَهُّدُ الأَوَّلُ

আরবী

أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ جَبَلَةَ الرَّافِقِيُّ، قال: حَدَّثَنَا الْعَلَاءُ بْنُ هِلَالٍ، قال: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ وَهُوَ ابْنُ عَمْرٍو، عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ، عَنْ حَمَّادٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ بْنِ قَيْسٍ، عَنْ عَبْدِ اللَّهِ، قال: كُنَّا لَا نَدْرِي مَا نَقُولُ إِذَا صَلَّيْنَا فَعَلَّمَنَا نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَوَامِعَ الْكَلِمِ فَقَالَ لَنَا: قُولُوا التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ قَالَ: عُبَيْدُ اللَّهِ، قَالَ: زَيْدٌ عَنْ حَمَّادٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، قَالَ: لَقَدْ رَأَيْتُ ابْنَ مَسْعُودٍ يُعَلِّمُنَا هَؤُلَاءِ الْكَلِمَاتِ كَمَا يُعَلِّمُنَا الْقُرْآنَ.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٩٤١٣) (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1168 - حسن صحيح

বাংলা

১১৬৭. মুহাম্মাদ ইবনু জাবালাহ্ আহ্ রফিকী (রহ.) ..... ’আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা যখন সালাত আদায় করতাম তখন কি বলব তা আমরা জানতাম না। এরপর আল্লাহর নবী (সা.) আমাদের এক পূর্ণাঙ্গ দু’আ শিক্ষা দিলেন। তিনি আমাদের বললেন, তোমরা বলো-

“আত্তাহিয়্যাতু লিল্লা-হি ওয়াস সালাওয়া-তু ওয়াত্ব ত্বইয়িবা-তু, আসসালা-মু আলায়কা আইয়ুহান নাবিয়্য, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকা-তুহ। আস্সালামু আলায়না- ওয়া আলা ইবা-দিল্লা-হিস্ স-লিহীন, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রসূলুহ” (সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর আল্লাহর সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর

নেক বান্দাদের ওপর সালাম বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা’বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তার বান্দা ও রসূল।)।
’আলকামাহ্ (রহ.) বলেন, ইবনু মাসউদ (রাঃ) এ বাক্যগুলো আমাদের এমনিভাবে শিক্ষা দিতেন যেমনিভাবে তিনি আমাদের কুরআন শিক্ষা দিতেন।

## English

100. What Is Said In The First Tashahhud

It was narrated from 'Alqamah bin Qais that 'Abdullah said: We used not to know what to say when we prayed, then the Messenger of Allah (ﷺ) taught us some eloquent and concise words. He said to us: 'Say: At-tahiyyatu lillahi was-salawatu wat-tayyibat, as-salamu 'alaika ayyuhan-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina wa 'ala 'ibad illahis-salihin, ashahdu an la illaha ill-Allah wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu (Allah compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you, O Prophet, and the mercy of Allah (SWT) and his blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah (SWT). I bear witness that none has the right to be worshipped except Allah and I bear witness that Muhammad is His slave and Messenger). (One of the narrators) 'Ubaidullah said: Zaid bin Hammad said, narrating from Ibrahim, that 'Alqamah said: 'I saw Ibn Mas'ud teaching us these words just as he taught us the Quran.

## ফুটনোট

সহীহ: তিরমিযী ২৮৯, সহীহ ইবনু খুযায়মাহ ৭০১, আবু দাউদ ৯৭০, দারিমী ১৩৪১। [দ্রঃ ১১৬২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87541

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন